

## ১০০% কটন কাগজে নতুন নিরাপত্তা সুতা সম্বলিত ১০০ ও ৫০০ টাকা

### মূল্যমানের ব্যাংক নোটের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহ

উচ্চ মূল্যমানের ব্যাংকনোটের নিরাপত্তা বৈশিষ্ট্য অধিকতর সুদৃঢ় করার লক্ষ্যে এতে বিদ্যমান কাগজের পরিবর্তে উন্নতমানের কোটিংকৃত দীর্ঘস্থায়ী ১০০% কটন কাগজে মুদ্রিত এবং নতুন ও উন্নততর ৪ মিমি প্রশস্ত নিরাপত্তা সুতা Kinetic StarChrome Thread সংযোজিত গভর্নর ফজলে কবির এর স্বাক্ষর সম্বলিত ১৪০ মিমি X ৬২ মিমি পরিমাপের ১০০ টাকা এবং ১৫২ মিমি X ৬৫ মিমি পরিমাপের ৫০০ টাকা মূল্যমানের ব্যাংক নোট মুদ্রণ করা হয়েছে যা ১১ই জুন ২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংকে থেকে ইস্যু করা হয়েছে। ১০০ টাকার নতুন নোটের নিরাপত্তা সুতার দিকে সরাসরি তাকালে StarChrome নামক লাল রংয়ের নিরাপত্তা সুতা এবং উজ্জল রূপালী বার এর সমন্বয়ে পেঁচানো (Twisted) অবস্থায় দেখা যাবে। ৫০০ টাকার নোটের নিরাপত্তা সুতার দিকে সরাসরি তাকালে StarChrome নামক লাল রংয়ের নিরাপত্তা সুতা এবং উজ্জল স্বর্ণালী বার এর সমন্বয় পেঁচানো (Twisted) অবস্থায় দেখা যাবে।

বর্ণিত নিরাপত্তা সুতার দিকে সরাসরি তাকালে বা আলোর বিপরীতে দেখলে ১০০ টাকার নোটে ‘১০০ টাকা’, ৫০০ টাকার নোটে ‘৫০০ টাকা’ লেখাটি দেখা যাবে। ১০০ টাকা/ ৫০০ টাকা লেখা কতিপয় ক্ষেত্রে নিরাপত্তা সুতার দৃশ্যমান অংশে সম্পূর্ণ এবং আংশিক এবং কতিপয় ক্ষেত্রে নিরাপত্তা সুতার ভিতরে অবস্থান করবে। ১০০ টাকা ও ৫০০ টাকা মূল্যমানের উভয় নোট বিভিন্ন দিকে ঘুরালে বা কাত (Tilt) করলে এর হলোগ্রাফিক (StarChrome) অংশের রং লাল থেকে সবুজে পরিবর্তিত হবে এবং উজ্জল রংধনুর রঙের বারে রূপান্তরিত হয়ে উপর থেকে নীচে চলতে দেখা যাবে। নতুন নিরাপত্তা সুতাটি নখের আঁচড়ে বা মুচড়িয়ে সহজে উঠানো সম্ভব হবে না।

নোটের রং, ডিজাইন ও অন্যান্য সকল নিরাপত্তা বৈশিষ্ট্য (জলছাপ, ওভিআই কালিতে লেখা ‘১০০’ ও ‘৫০০’, দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য যথাক্রমে ৩টি ও ৪ টি বিন্দু, মাইক্রোগ্রাফি, খসখসে লেখা ইত্যাদি) অপরিবর্তিত থাকবে। নতুন মুদ্রিত বর্ণিত নোটের পাশাপাশি বর্তমানে প্রচলনে থাকা ১০০ ও ৫০০ টাকা মূল্যমানের অন্যান্য নোটও বৈধ ব্যাংক নোট হিসেবে যুগপৎ চালু থাকবে।